# ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩

**শম্ভুগঞ্জ, সদর, ময়মনসিংহ।**

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরে রক্ষিত অকেজো ও ব্যবহার অযোগ্য কনডেম ঘোষিত ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ অর্থবছরের নিম্নবর্ণিত মালামালসমূহ "যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে" নিলামে বিক্রয়ের জন্য নিম্নোক্ত শর্তসাপেক্ষে আগ্রহী ক্রেতা/দরদাতা প্রতিষ্ঠান এর নিকট হতে পবিসের প্রস্তুতকৃত সিডিউল মোতাবেক নিজস্ব লেটার হেড প্যাডে/সাদা কাগজে বিস্তারিত ঠিকানা সম্বলিত তথ্য ও স্বাক্ষরসহ প্রদানপূর্বক সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

<table>
<tr><th>প্যাকেজ নং</th><th>বিবরণ</th><th>পরিমাণ</th><th>দরপত্র জামানত</th><th>নিলাম দরপত্র দলিলের মূল্য (টাকা)</th><th>নিলাম দরপত্র সিডিউল বিক্রয়ের সময়সূচী ও স্থান</th><th>নিলাম দরপত্র গ্রহণ খোলার তারিখ সময়সূচী এবং স্থান</th></tr>
<tr><td>২৪-২৫.০১</td><td>এ্যালুমিনিয়াম কন্ডাক্টর কাটপিচ</td><td>৪,০৮৬.১৮ কেজি</td><td>উদ্ধৃত দরের ২৫%</td><td>১,০০০.০০</td><td rowspan="9">নিলাম দরপত্র বিক্রয়ের সময়সূচীঃ<br>২৪/০২/২০২৫ খ্রি. সোমবার থেকে ১২/০৩/২০২৫ খ্রি বুধবার অফিস চলাকালীন সময় পর্যন্ত।<br>নিলাম দরপত্র বিক্রয়ের স্থানঃ<br>পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর (৮ম তলা) বাপবিবো, খিলক্ষেত, ঢাকা-১২২৯।<br>ও<br>ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ।</td><td rowspan="9">নিলাম দরপত্র গ্রহণের সময়সূচীঃ<br>১৩/০৩/২০২৫খ্রি. বৃহস্পতিবার বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত।<br>নিলাম দরপত্র খোলার সময়সূচীঃ<br>১৩/০৩/২০২৫খ্রি. বৃহস্পতিবার বেলা ১১:৩০ ঘটিকায়।<br>নিলাম দরপত্র খোলার স্থানঃ<br>পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন(কেঃ অঃ) পরিদপ্তর (৮ম তলা) বাপবিবো, খিলক্ষেত, ঢাকা-১২২৯।</td></tr>
<tr><td>২৪-২৫.০২</td><td>বিনষ্ট সুপার এনামেল কপার তার</td><td>৮,১০৩ কেজি</td><td>উদ্ধৃত দরের ২৫%</td><td>১,৫০০.০০</td></tr>
<tr><td rowspan="4">২৪-২৫.০৩</td><td>এক ফেজ এনালগ মিটার (জে-১)</td><td>৫,৩৯৯ টি</td><td rowspan="4">উদ্ধৃত দরের ২৫%</td><td rowspan="4">১,৫০০.০০</td></tr>
<tr><td>এক ফেজ ডিজিটাল মিটার (জে-৩৯)</td><td>২৭,১৬১ টি</td></tr>
<tr><td>তিন ফেজ ডিজিটাল মিটার (জে-২,৩,২৩)</td><td>১৯৪ টি</td></tr>
<tr><td>সিটি/ পিটি (৩৩ কেভি)</td><td>৩ টি</td></tr>
<tr><td rowspan="3">২৪-২৫.০৪</td><td>হার্ডওয়্যার ও লৌহ জাতীয় মালামাল (লৌহ জাতীয়, গাই তার, গাই গ্রীপ ও টুলস আইটেম ইত্যাদি) (বাপবিবো এবং পিডিবি মালামাল)</td><td>৭,২৪৫.৯৯ কেজি</td><td rowspan="3">উদ্ধৃত দরের ২৫%</td><td rowspan="3">১,০০০.০০</td></tr>
<tr><td>ষ্টীল পোল জাতীয় মালামাল</td><td>৭৩০ কেজি</td></tr>
<tr><td>প্লাষ্টিক ববিন</td><td>১০০ টি</td></tr>
</table>

**শর্তাবলীঃ**

০১। আগ্রহী দরদাতাগণ যে কোন তফসিলী ব্যাংক হতে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এর অনুকূলে দরপত্র দলিলের মূল্য বাবদ নির্ধারিত পরিমান অর্থ (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্তকরতঃ নির্দিষ্ট লেটার হেড প্যাডে/সাদা কাগজে আবেদনের মাধ্যমে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ অথবা পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ৮ম তলা, সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা - ১২২৯ হতে দরপত্র দলিল আগামী ১২/০৩/২০২৫ খ্রিঃ রোজ বুধবার অফিস চলাকালীন সময় পর্যন্ত সংগ্রহ করতে পারবেন এবং ১৩/০৩/২০২৫ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল: ১১.০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ৮ম তলা, সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা - ১২২৯ এর রক্ষিত টেন্ডার বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পরে এবং ডাক ও কুরিয়ার যোগে কোন নিলাম দরপত্র গ্রহন করা হবে না।

০২। দরপত্রসমূহ ১৩/০৩/২০২৫ খ্রি. তারিখ সকাল: ১১.৩০ মিনিটে পরিচালক, পবিস মনিটরিংও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ৮ম তলা,সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর উপস্থিত নিলাম দরদাতা/ প্রতিনিধিদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। দরপত্র গ্রহণের ক্ষেত্রে সর্বোচ্চ দরকে গৃহীত দর বলে বিবেচনা করা হবে। তবে, প্রাক্কলিত/অনুমোদিত মূল্যের চেয়ে কম মূল্যে দাখিলকৃত নিলাম দরপত্রসমূহ বিবেচনা করা হবে না। সীল মোহরকৃত নিলাম দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে "প্যাকেজ নং-" উল্লেখ করে দরদাতার পূর্ণ ঠিকানা লিখে আলাদাভাবে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রে কোন কাটাছেঁড়া/ঘষামাজা/ফ্লুইডিং গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ন দরপত্র বাতিল বলে গণ্য হবে। উদ্বৃত্ত দর অংকে ও কথায় লিখতে হবে।

০৪। প্রতিটি প্যাকেজের বিপরীতে আলাদাভাবে সিডিউল ক্রয় করে প্যাকেজ ভিত্তিক আলাদা আলাদা দর প্রস্তাব দাখিল করতে হবে। যেভাবেই দর দাখিল করা হোক না কেন প্যাকেজ ভিত্তিক সর্বোচ্চ বৈধ দর প্রস্তাবকারীকে সর্বোচ্চ দরদাতা হিসেবে গণ্য করা হবে। পরবর্তীতে প্যাকেজ ভিত্তিক সর্বোচ্চ দর প্রস্তাবকারীকে নিয়মানুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে। প্যাকেজ ভিত্তিক কোন দর প্রস্তাবকারীর ০৪ টি প্যাকেজের দর প্রস্তাব একত্রে মূল্যায়ন করা হবে না।

অঃপৃঃদ্রঃ

০৫। নিলাম দরপত্র দলিলে উল্লেখিত সর্বমোট মূল্যের ২৫% অর্থ নিরাপত্তা জামানত ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র বিবেচনা করা হবে না। নিলাম কমিটির সিদ্ধান্ত মোতাবেক সর্বোচ্চ দরদতার প্রদত্ত দর গ্রহণ করা হবে।

০৬। প্রাপ্ত নিলাম দরপত্রসমূহ মূল্যায়ণ কমিটির মাধ্যমে মূল্যায়ণ করে প্রথম সর্বোচ্চ নিলাম দরদাতার আর্নেষ্টমানি নগদায়ন করা হবে। অতপরঃ প্রথম সর্বোচ্চ ও কৃতকার্য নিলাম দরপত্রদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানো/কার্যাদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/পে অর্ডার/ব্যাংক ড্রাফট (নগদায়ন সাপেক্ষ্যে) এর মাধ্যমে পরিশোধ করে "পরিচালন ও রক্ষনাবেক্ষণ স্টোরের ব্যবহার অযোগ্য বর্ণিত মালামাল সমূহ গ্রহণ করতে হবে। অন্যথায়, জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত বলে গণ্য করা হবে।

০৭। কৃতকার্য সর্বোচ্চ নিলাম দরদাতাকে মালামাল গ্রহণের পূর্বে মোট উদ্বৃত্ত দর/মূল্যের উপর সর্বশেষ সরকারি নিয়মানুযায়ী উৎস কর, ভ্যাট ও অন্যান্য কর আলাদাভাবে জমা প্রদান করতে হবে। অকৃতকার্য দরদাতাদের আর্নেষ্টমানি নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

০৮। বর্ণিত মালামাল সমূহ আগামী ১২/০৩/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত (সাপ্তাহিক ছুটি ও সরকারী ছুটির দিন ব্যতীত) প্রতিদিন অফিস চলাকালীন সময়ে সমিতির সদর দপ্তরে পরিদর্শন করা যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।

০৯। "পরিচালন ও রক্ষণাবেক্ষণ ষ্টোরের ব্যবহার অযোগ্য বর্ণিত মালামাল" সমূহ অপসারণের সময় সমিতির কোন অবকাঠামোর ক্ষতি করা যাবে না। ক্ষতি হলে তা নিজ খরচে মেরামত/প্রতিস্থাপন করে দিতে হবে।

১০। মালামালের নাম, একক দর, দরদাতার নাম ঠিকানা ইত্যাদি সু-স্পষ্টভাবে দরপত্রে উল্লেখ করতে হবে।

১১। নিলামে বিক্রয়যোগ্য মালামাল হস্তান্তরের সময় মালামাল এর পরিমাণ কম/বেশী হতে পারে।

১২। কোটেশনদাতার (প্রতিষ্ঠানের) যোগ্যতার প্রমানস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নাম্বার ভ্যাট নিবন্ধন এর সত্যায়িত অনুলিপি এবং কোন তফসিলি ব্যাংক হতে আর্থিক স্বচ্ছলতার সনদ দরপত্রের সাথে দাখিল করতে হবে।

১৩। নির্ধারিত সময়ের মধ্যে নিলামে বিক্রয়কৃত মালামাল সর্বোচ্চ নিলাম দরদাতা কর্তৃক গ্রহণ না করার কারণে মালামালের কোন ক্ষতি হলে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃপক্ষ এর দায় গ্রহণ করবে না।

১৪। ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ছাড়াই যেকোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। শর্তবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে নিষ্পত্তির ক্ষেত্রে বাপবিবো/ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

এমতাবস্থায়, উল্লিখিত শর্তাবলী প্রতিপালনে আগ্রহী ব্যক্তি/দরদাতা প্রতিষ্ঠানকে যথাসময়ে নিলাম দরপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো। উপরের শর্তাবলী ছাড়াও অন্যান্য শর্তাবলী বিস্তারিতভাবে সিডিউলে বর্ণিত থাকবে।

মোবাইল নম্বর ঃ ০১৭৬৯-৪০০০৫৩।

২৩/২/২৫

সিনিয়র জেনারেল ম্যানেজার
ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩
শম্ভুগঞ্জ, ময়মনসিংহ।